

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১৬, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ১৫ জানুয়ারি ২০১৪/০২ মাঘ ১৪২০

নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১১.২০১১-০৭—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নলিখিত মন্ত্রিসভা কমিটিসমূহ গঠন করেছে :

- (ক) জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একমেক);
- (খ) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি;
- (গ) অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি;
- (ঘ) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি;
- (ঙ) আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি।

২। উপর্যুক্ত মন্ত্রিসভা কমিটিসমূহের গঠন, এগুলিকে সহায়তাদানকারী কর্মকর্তাগণের তালিকা, কমিটিসমূহের কার্যপরিধি (টার্মস অব রেফারেন্স) এবং এ সকল কমিটিকে সাচিবিক সহায়তা প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগের নাম পরিশিষ্ট ‘ক’ হতে ‘ঙ’-তে প্রদত্ত হল।

৩। যে সকল ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগ ব্যতিরেকে অন্য কোন মন্ত্রণালয়/বিভাগ মন্ত্রিসভা কমিটিসমূহের সাচিবিক সহায়তা প্রদান করবে, সে সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রিসভা কমিটির সভার কার্যবিবরণী অনুমোদিত হওয়ার তিনি দিনের মধ্যে এর অনুলিপি মন্ত্রিপরিষদ বিভাগে (কমিটি ও অর্থনৈতিক অনুবিভাগ) প্রেরণ করতে হবে।

( ৩৯১ )

মূল্য : টাকা ১৬.০০

৪। মন্ত্রিসভা কমিটিসমূহের যে সকল সুপারিশ চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রিসভায় পেশ করার আবশ্যিকতা রয়েছে, সেগুলি মন্ত্রিসভায় পেশ করতে হবে। অন্যান্য সুপারিশ রঞ্জস অব বিজনেস অনুযায়ী মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য পেশ করতে হবে।

৫। এতদ্সংক্রান্ত বিষয়ে পূর্বেকার মন্ত্রিসভা কমিটিসমূহ বাতিল বলে গণ্য হবে।

৬। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঐ়গ্রা  
মন্ত্রিপরিষদ সচিব

পরিশিষ্ট-ঙ

## আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি

## (ক) কমিটির গঠন :

ক্রমিক নম্বর	নাম ও পদবি	দায়িত্ব
১.	জনাব আমির হোসেন আমু মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়	আহবায়ক
২.	জনাব তোফায়েল আহমেদ মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়	সদস্য
৩.	জনাব আব্দুল লতিফ সিদ্দিকী মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়	সদস্য
৪.	জনাব মোহাম্মদ নাসিম মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	সদস্য
৫.	সৈয়দ আশরাফুল ইসলাম মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়	সদস্য
৬.	খন্দকার মোশাররফ হোসেন মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	সদস্য
৭.	জনাব রাশেদ খান মেনন মন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়	সদস্য
৮.	জনাব হাসানুল হক ইনু মন্ত্রী, তথ্য মন্ত্রণালয়	সদস্য
৯.	জনাব আনিসুল ইসলাম মাহমুদ মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়	সদস্য
১০.	জনাব শাজাহান খান মন্ত্রী, নৌ-পরিবহন মন্ত্রণালয়	সদস্য
১১.	জনাব মোঃ মুজিবুল হক (চুম্ব) প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	সদস্য
১২.	জনাব আসাদুজ্জামান খান প্রতিমন্ত্রী, স্বাস্থ্য মন্ত্রণালয়	সদস্য
১৩.	বিষয়-সংগঠিত মন্ত্রী/প্রতিমন্ত্রী	সদস্য

## (খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ :

- (১) মন্ত্রিপরিষদ সচিব
- (২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- (৩) সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
- (৪) প্রিসিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ
- (৫) চিফ অব জেনারেল স্টাফ, সেনাসদর
- (৬) মহাপুলিশ পরিদর্শক
- (৭) মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ
- (৮) মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা সংস্থা
- (৯) মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা
- (১০) মহাপরিচালক, আনসার ও ভিডিপি
- (১১) মহাপরিচালক, কোস্টগার্ড
- (১২) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
- (১৩) মহাপরিচালক, র্যাপিড এ্যাকশন ব্যাটেলিয়ান

## (গ) কমিটির কার্যপরিধি :

- (১) সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি পরিবীক্ষণ ও পর্যালোচনা;
- (২) আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির কারণ পর্যবেক্ষণ ও চিহ্নিতকরণ এবং এগুলি দূরীকরণে প্রয়োজনীয় সুপারিশ প্রদান;
- (৩) হরতাল, অবরোধ, ধর্মঘট ও জনসাধারণের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহতকারী অন্যান্য ঘটনা প্রতিরোধ এবং এগুলির ফলে জনজীবনে সৃষ্ট দুর্ভোগ ও অচলাবস্থা নিরসনের উদ্দেশ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থাসমূহের কর্মীর পদক্ষেপ সম্পর্কে পরামর্শ প্রদান;
- (৪) উপর্যুক্ত বিষয়াবলির সঙ্গে সম্পর্কিত অন্য যে কোন বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ ও সুপারিশ প্রদান।

## (ঘ) স্বরাষ্ট্র মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।